



Bangladesh
Cricket Board

দরপত্র বিজ্ঞপ্তি

তারিখ : ১৯শে অক্টোবর, ২০২৬

শের-ই-বাংলা জাতীয় ক্রিকেট স্টেডিয়াম কার্যালয়ে ব্যবহৃত পুরাতন মালামাল (জ্যাপ/অবশিষ্ট সামগ্রী) বর্তমানে পরিত্যক্ত-যেখানে যে অবস্থায় আছে বিক্রয় করা হবে। উল্লেখিত মালামাল ক্রয় করতে আগ্রহী ব্যক্তিবর্গকে নিম্নোক্ত নিয়মাবলী অনুসরণকরত অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে :

মালামাল বিক্রয়ের নিয়মাবলী

- ⇒ প্রত্যেক দরদাতাকে ২০,০০০/- টাকা জামানত হিসেবে পে-অর্ডার/চেক বাংলাদেশ ক্রিকেট বোর্ডের অনুকূলে দরপত্রের সহিত দাখিল করতে হবে।
- ⇒ দরপত্রের সাথে ২০,০০০/- টাকা জামানত হিসেবে পে-অর্ডার/চেক দাখিল না করলে দরপত্র বাতিল বলে গণ্য হবে।
- ⇒ অংশগ্রহণকারী ব্যক্তিবর্গ / প্রতিষ্ঠানের প্রতিনিধিকে সকল পণ্য (জ্যাপ/অবশিষ্ট সামগ্রী) বর্তমানে পরিত্যক্ত-যেখানে যে অবস্থায় আছে একত্রে ক্রয় করতে হবে। পৃথকভাবে বাছাইকরে নির্দিষ্ট মালামাল ক্রয় প্রযোজ্য নয়।
- ⇒ আগামী ২৪শে অক্টোবর, ২০২৬ তারিখ শনিবার দুপুর ৩ঃ০০ ঘটিকার মধ্যে মালামালের দরপত্র জমা প্রদান করতে হবে।
- ⇒ আগামী ২০শে অক্টোবর, ২০২৬ তারিখ মঙ্গলবার সকাল ১০ঃ০০ ঘটিকায় বিসিবি কার্যালয় থেকে মালামালের তালিকা সংগ্রহ করা যাবে।
- ⇒ বিক্রিত পণ্যের মূল্য ব্যাংক ড্রাফট / ক্রস চেক / নগদ-এর মাধ্যমে ২৪ ঘন্টার মধ্যে পরিশোধ করতে হবে। বিসিবি কর্তৃক নির্বাচিত সর্বোচ্চ দরদাতা উল্লেখিত সময়ের মধ্যে পণ্যের মূল্য পরিশোধে ব্যর্থ হলে সেক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে নির্বাচিত করা হবে।
- ⇒ বিসিবি কর্তৃক নির্বাচিত সর্বোচ্চ দরদাতা পণ্যের মূল্য (ব্যাংক ড্রাফট / ক্রস চেক / নগদ) পরিশোধ করতঃ ২৪ ঘন্টার মধ্যে সমস্ত মালামাল বুঝিয়া নিতে বাধ্য থাকিবেন।
- ⇒ নির্ধারিত সময়ের মধ্যে সকল মালামাল বিসিবি'র কার্যালয় থেকে বিসিবি কর্তৃক নির্বাচিত সর্বোচ্চ দরদাতা স্থানান্তরে ব্যর্থ হলে সেক্ষেত্রে দ্বিতীয় সর্বোচ্চ দরদাতাকে মালামালের জন্য নির্বাচিত করা হবে এবং প্রথম সর্বোচ্চ দরদাতার জামানতকৃত ২০,০০০/- টাকা বাজেয়াপ্ত বলে গণ্য হবে।
- ⇒ বিক্রিত মালামাল স্থানান্তরের জন্য সার্বিক খরচাদি দরদাতাকেই বহন করতে হবে।
- ⇒ উল্লেখ থাকে যে, কোন কারণ দর্শানো ব্যতীত যে কোন সময়ে উক্ত বিক্রয় কার্যক্রম বাতিল / স্থগিত / পরিবর্তন করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

কর্তৃপক্ষের আদেশক্রমে,

ইনচার্জ, টেন্ডার এন্ড পারচেজ, বিসিবি